দৈনিক সংবাদ 60

তারিখ ...10 SEP 1992

পৃষ্ঠা... ১ ... কলাম ... ৩...

# বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরিস্থিতি পর্যালোচনা করেছেন

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পরিস্থিতি শান্ত ছিল। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা ও ক্লাসসমূহ যথারীতি অনুষ্ঠিত হয়েছে।

এদিকে ক্যাম্পাসের সামগ্রিক আইন-শৃংখলা পরিস্থিতি পর্যালোচনার জন্য গতকাল উপাচার্য অধ্যাপক এম মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে এক বৈঠক অনুষ্ঠিত হয়।

সভায় হলসমূহের প্রভোস্ট, আবাসিক শিক্ষক, প্রক্টর ও সহকারী প্রক্টরবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় হলের অভ্যন্তরীণ প্রশাসনিক কর্তৃত্ব প্রতিষ্ঠার লক্ষ্যে কতিপয় সিদ্ধান্ত নেয়া হয়। এছাড়াও আবাসিক হলগুলোতে নিয়মিত রোল-কল করা, বহিরাগতদের অনুপ্রবেশ রোধকল্পে সতর্ক দৃষ্টি রাখা, ছাত্রছাত্রীদের পরিচয়পত্র পরীক্ষা করা,

ক্যাম্পাস ঃ পৃঃ ১২ কঃ ৪

## ক্যাম্পাস ঃ পরিস্থিতি শান্ত

(১ম পাতার পর)

রাতে হল গেট বন্ধ রাখা, মেধাভিত্তিক সিট বন্টনের ব্যবস্থা করা ও পুরো অক্টোবর মাস হলে অতিথি রাখার অনুমতি না দেয়ার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় হল ও ক্যাম্পাস থেকে বহিরাগত ও অস্ত্রধারীদের বহিষ্কার সংক্রান্ত যেসব সিদ্ধান্ত গত ৬ই সেপ্টেম্বরের সভায় গৃহীত হয়, সেগুলো দ্রুত বাস্তবায়ন প্রক্রিয়া নিয়েও আলোচনা হয়।